**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০২.০০০০.৬০২.১৪.০৩৭(অংশ-০২).২০২০-২২১

তারিখঃ ০২/১০/১৪২৮বঙ্গাব্দ।
১৫/০২/২০২২ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টরের ৭৪টি প্রকল্পের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৭/০১/২০২২খ্রিঃ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় জুম অনলাইন প্লাটফর্ম অ্যাপের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় এলজিইডি'র সদর দপ্তরের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণ এবং মনিটরিং ও মূল্যায়ন শাখার কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

**১। উপস্থাপনাঃ**

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ ইউনিট) বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতির সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন)-কে ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিস্তারিত অগ্রগতি পর্যালোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**২। আলোচনা ও সিদ্ধান্তঃ**

২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টরের ৭৪টি প্রকল্পের প্রকল্প পরিচালকবৃন্দ তাদের প্রকল্পের এডিপি বাস্তবায়নের অগ্রগতি ও বিদ্যমান সমস্যাবলী সভায় উপস্থাপন করেন। আলোচনায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পের মধ্য হতে কম অগ্রগতিসম্পন্ন ও বর্তমান অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিষয়ে নিম্নবর্ণিতভাবে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | প্রকল্পের নামঃ "আমার গ্রাম-আমার শহর": শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ২৮.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২১<br>**প্রকল্প পরিচালকঃ জনাব আবুল মনজুর মোঃ সাদেক** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, অক্টোবর, ২০২২ পর্যন্ত সময় বর্ধন প্রস্তাব দেওয়া হয়েছে। প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে। | সময় বর্ধনের প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করতে হবে এবং বর্ধিত সময়ের মধ্যে অবশ্যই প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৩ | প্রকল্পের নামঃ নেত্রকোণা জেলাধীন মোহনগঞ্জ ও আটপাড়া উপজেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪৭.৩৪ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ ডিসেম্বর, ২০১৬ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালকঃ জনাব মোঃ মহির উদ্দিন সেখ** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, অনুমোদিত সকল স্কীমের চুক্তি সম্পাদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কিছু কিছু স্কীমের প্রটেকশন ওয়ার্ক অন্তর্ভুক্ত করার জন্য প্রকল্পের সংশোধন | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে | প্রকল্প পরিচালক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রয়োজন হবে, যা চলমান রয়েছে। তিনি আরো বলেন, আরএডিপি তে অতিরিক্ত আড়াই কোটি টাকা প্রয়োজন হবে। | হবে। | |
| ২.৫ | প্রকল্পের নামঃ খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ২৬৬৫ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২২<br>**প্রকল্প পরিচালকঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, মাঠপর্যায়ে কাজের বর্তমান অগ্রগতি সন্তোষজনক। ভৌত এবং আর্থিক অগ্রগতির মধ্যে কিছু অসামঞ্জস্যতা রয়েছে, আরএডিপিতে অতিরিক্ত কিছু অর্থ বরাদ্দ পেলে এই অসামঞ্জস্যতা দূর করা যাবে। | অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) এর সাথে পরামর্শ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) / প্রকল্প পরিচালক |
| ২.৬ | প্রকল্পের নামঃ গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ ভোলা জেলা শীর্ষক প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪৯৪.৩৫ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জানুয়ারী, ২০১৭ হতে জুন, ২০২১ (সময় বর্ধন প্রক্রিয়াধীন)<br>**প্রকল্প পরিচালকঃ জনাব মমিন মজিবুল হক সমাজী** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত। সময় বর্ধন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, যা শীঘ্রই অনুমোদিত হবে। | সময় বর্ধন সংক্রান্ত পত্রাদি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন)-এর বরাবর প্রেরণ করতে হবে এবং মাঠ পর্যায়ে কার্যক্রম শুরু হয়েছে কিনা তা যাচাই করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৭ | প্রকল্পের নামঃ লাঙ্গলবন্দ মহাষ্টমী পূণ্যস্নান উৎসবের অবকাঠামো উন্নয়ন প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ১২০.৭৪ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালকঃ গৌতম প্রসাদ চৌধুরী (জিপি চৌধুরী)** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, পিআইসি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। জমি অধিগ্রহণের কাজ চলমান। অতিরিক্ত প্রধান প্রকৌশলীর (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ ইউনিট) প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, নতুন কিছু কম্পোনেন্টের ডিজাইন অনুমোদনে বিলম্ব হওয়ায় প্রকল্পটি সমাপ্তিতে বিলম্ব হয়েছে। জুন/২০২৩ পর্যন্ত সময় বর্ধন প্রক্রিয়াধীন। | নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির জন্য প্রকল্প পরিচালকের কাছ থেকে উদ্যোগ নেওয়ার ব্যাপারে প্রতিশ্রুতি গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৯ | প্রকল্পের নামঃ উপজেলা কমপ্লেক্স ভবন সম্প্রসারণ প্রকল্প (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৪৩০.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ এপ্রিল, ২০১১ হতে জুন, ২০২২<br>প্রকল্প পরিচালকঃ জনাব গৌতম প্রসাদ চৌধুরী | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) দিতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.১১ | প্রকল্পের নামঃ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও চাঁদপুর জেলা) (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭৬৯.৪২ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালকঃ জনাব মোঃ মোজাম্মেল হক** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, কুমিল্লা জেলার তিতাস উপজেলায় ৫২ মিটার একটি ব্রিজ নিয়ে সমস্যা আছে। ২০২০ সালে পাইলের কাজ করার জন্য চুক্তি বাতিল করে পুনরায় নক্সা করায় ঠিকাদার কাজে অপারগতা জানিয়েছে। ডিসেম্বর/২০২১খ্রিঃ ব্রিজটির পুনঃদরপত্র আহবান করা সত্ত্বেও ঠিকাদার পাওয়া যায়নি বিধায় সময়ক্ষেপণ হয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত নাও | উচ্চ পর্যায়ে উচ্চ পদস্থ (মনিটরিং ও মূল্যায়ন এবং পরিকল্পনা শাখা) কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে ব্রিজটির বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হতে পারে, সময় বর্ধনের প্রয়োজন হতে পারে। | | |
| ২.১৩ | প্রকল্পের নামঃ বৃহত্তর চট্টগ্রাম জেলা পল্লী অবকাঠামো উন্নয়ন (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা) শীর্ষক প্রকল্প<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪৪৬.৪৫ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই, ২০১৫ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালকঃ জনাব মহসিন উদ্দিন আহমেদ ভূঞা** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | প্রকল্পটি নির্ধারিত সময়েই সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.১৪ | প্রকল্পের নাম ঃ গোপালগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ১১২৩.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ আবু ছায়েদ** | | |
| | প্রকল্প পরিচালক উক্ত সভায় অনুপস্থিত ছিলেন। | | |
| ২.১৫ | প্রকল্পের নাম ঃ বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ) (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৬২৩.২৭ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ শাহনুর** | | |
| | পারিবারিক কারণে প্রকল্প পরিচালক উক্ত সভায় অনুপস্থিত ছিলেন। | | |
| ২.২১ | প্রকল্পের নাম ঃ সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৬৬৫.৬১ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১৭ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ শফিকুর রহমান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | প্রকল্প সমাপ্ত হওয়ার তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) দিতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.২৮ | প্রকল্পের নাম ঃ বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন-৩।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ১২৯০.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ নভেম্বর, ২০১৭ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব আবুল মঞ্জুর মোঃ সাদেক** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, জনবল কম থাকায় স্কীম অনুমোদন প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। প্রদর্শিত তথ্যের ভিত্তিতে প্রকল্প পরিচালক ভৌত ও আর্থিক অগ্রগতি অসামঞ্জস্যতার কারণ হিসেবে জানান যে, মাঠপর্যায়ের চাহিদা অনুযায়ী অর্থ বরাদ্দে অপ্রতুলতার কারণে ভৌত অগ্রগতি সাধিত হলেও ঠিকাদারের বিল পরিশোধ করা যায়নি। তাই আর্থিক অগ্রগতি ও ভৌত অগ্রগতির অসামঞ্জস্যতা পরিলক্ষিত হচ্ছে। | গৃহীত পদক্ষেপ বিষয়ে জানাতে হবে। প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৪২ | প্রকল্পের নাম ঃ "দক্ষিণ সুনামগঞ্জ ও জগন্নাথপুর উপজেলায় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, সুনামগঞ্জ জেলা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৪৬.৭২ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ নভেম্বর, ২০১৮ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব সৈয়দ সফিকুল ইসলাম** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, ব্রিজের জন্য জমি অধিগ্রহণ প্রক্রিয়া চলমান আছে। আট ধারা নোটিশ দেওয়া হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে জমি অধিগ্রহণ সম্পূর্ণ করতে পারলে প্রকল্পটি নির্ধারিত সময়েই সমাপ্ত হবে। | জমি অধিগ্রহণের ব্যাপারে গৃহীত পদক্ষেপ বিষয়ে জানাতে হবে। প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৪৫ | প্রকল্পের নাম ঃ সোনাগাজী ও মিরসরাই অর্থনৈতিক অঞ্চল সংযোগ সড়কে ফেনী নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প (১ম | | |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সংশোধিত)। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ৬৯৮.৬৫ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ ০১/০২/২০১৯ হতে ৩০/০৬/২০২৪ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব মোল্লা মিজানুর রহমান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, দুটি চার লেন সেতুর খসড়া নক্সা পর্যবেক্ষণ করে বিস্তারিত নক্সা প্রণয়নের কাজ চলছে। একই সাথে, নদী শাসন এর কাজ চলমান। সংশোধিত এডিপিতে ৩.২৩ কোটি টাকা রাখা হয়েছে। বাকি অর্থ সমর্পণ করা হবে। | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৪৮ | প্রকল্পের নাম ঃ বি-বাড়ীয়া জেলায় ৯টি সেতু নির্মাণ প্রকল্প। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ১২০.৫৭ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১৯ হতে জুন, ২০২২ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ ছোহরাব আলী** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, কিছু ব্রিজের সাইট নিম্নাঞ্চল হওয়ায় পানি জমে থাকার কারণে তিন মাসের অধিক সেখানে কাজ করা যায় না। এজন্য ২০২৩ সাল পর্যন্ত সময় বর্ধন প্রক্রিয়া চলমান। কয়েকটি ব্রিজের এ্যাপ্রোচে বিদ্যালয় ও কবর স্থান থাকায় জমি অধিগ্রহণ এর প্রয়োজন হবে। ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান রয়েছে। | জমি অধিগ্রহণ দ্রুততম সময়ের মধ্যে শেষ করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৪৯ | প্রকল্পের নাম ঃ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন ডাকাতিয়া নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ১০৭.০০ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ এবাদত আলী** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, নদীর মাঝে মাটির মান খারাপ হওয়াতে ডিজাইনে বিলম্ব হচ্ছে। বর্তমানে দরপত্র অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ২.৫০ | প্রকল্পের নাম ঃ পিরোজপুর জেলার নেসারাবাদ উপজেলা হেডকোয়ার্টার হতে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া ভায়া নাজিরপুর রাস্তা ও সেতু নির্মাণ কাজের সম্ভাব্যতা সমীক্ষা শীর্ষক প্রকল্প। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ২০.৩২ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০২০ হতে জুন, ২০২২ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব কাজী মিজানুর রহমান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, ডিজাইনের কাজ প্রায় শেষ পর্যায়ে। বর্তমানে ডিজাইনটি রিভিউ করা হচ্ছে। তিনি আরো জানান যে, প্রকল্পটি নির্ধারিত সময়েই সমাপ্ত হবে। | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৫৩ | প্রকল্পের নাম ঃ উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে দীর্ঘ সেতু নির্মাণ কাজের সম্ভাব্যতা যাচাই শীর্ষক সমীক্ষা প্রকল্প। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ৪৩.৭৫ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ ০১/১১/২০২০ হতে ৩০/০৪/২০২২ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ সেলিম মিয়া** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ সন্তোষজনক ভাবে চলমান রয়েছে। পিএসসি সভায় প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৫৪ | প্রকল্পের নাম ঃ জলবায়ু সহনশীল গ্রামীণ অবকাঠামো প্রকল্প (১ম সংশোধিত)। <br> প্রাক্কলিত ব্যয় ঃ ৪১৮.৩৫ কোটি টাকা <br> প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২২ <br> **প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ মামুনুর রশিদ** | | |
| | প্রাক্তন প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের পুরো কাজ এলসিএস এর মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে বিধায় কাজ শুরু করতে দেরি হয়েছে। বর্তমানে কাজের অগ্রগতি | অর্থ খরচ নিশ্চিত করতে হবে এবং প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে | প্রকল্প পরিচালক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সন্তোষজনক। এডিপি বরাদ্দের সমুদয় অর্থ খরচ হবে। | হবে। | |
| ২.৫৫ | প্রকল্পের নাম ঃ হাওড় অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ১০১৬.৯৬ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১২ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব গোপাল চন্দ্র সরকার** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির উপর প্রস্তাব দেয়া হয়েছে। আশা করা যায় খুব শীঘ্রই প্রস্তাবনাটি অনুমোদিত হবে। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কোন সুযোগ নাই, নির্ধারিত মেয়াদে কাজ শেষ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৫৬ | প্রকল্পের নাম ঃ রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২ (আরটিআইপি-২) (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৪৮১৯.৭০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১২ হতে জুন, ২০২১ (সময় বর্ধন প্রক্রিয়াধীন)<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ ছোহরাব আলী** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | অত্র প্রকল্পের আওতায় নির্মিত ৯ কি:মি: দীর্ঘ সড়কের সম্পূর্ণ ভিডিওচিত্র প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর বরাবর পাঠাতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৫৭ | প্রকল্পের নাম ঃ নর্দান বাংলাদেশ ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২০৯৭.৬৫ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ মার্চ, ২০১৩ হতে মার্চ, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব আবু মোঃ সাহরিয়ার** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | মনিটরিং ও মূল্যায়ন ইউনিট কর্তৃক বিষয়টি তদারকি করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন)/ প্রকল্প পরিচালক |
| ২.৫৮ | প্রকল্পের নাম ঃ গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন পাঁচপীর বাজার-চিলমারী উপজেলা হেড কোয়ার্টার সড়কে তিস্তা নদীর উপর ১৪৯০মিঃ দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৮৮৫.৭০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ অক্টোবর, ২০১৩ হতে জুন, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ আব্দুল মালেক** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, বর্তমানে কাজ এর অগ্রগতি সন্তোষজনক ভাবে চলছে। এ পর্যন্ত ৭টি পাইল ক্যাপের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরো বলেন, প্রকল্পের সময় বর্ধন প্রয়োজন হবে। যেহেতু, প্রকল্পটি ১০ বছরের অধিককাল চলমান রয়েছে, তাই ডিপিপিতে প্রাইস এ্যাডজাস্টমেন্ট অন্তর্ভুক্ত করা প্রয়োজন। | সময় বর্ধন ও প্রাইস এ্যাডজাস্টমেন্টের প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬০ | প্রকল্পের নাম ঃ বহুমূখী দূর্যোগ আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৩১৭০.৭৬ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০১৫ হতে জুন, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব জাবেদ করিম** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, মাঠপর্যায়ে কাজের অগ্রগতি সন্তোষজনক। আরএডিপিতে কিছু পরিমাণ অর্থ কমানো প্রয়োজন। | নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬১ | প্রকল্পের নাম ঃ সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৩৬৯.৮৫ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১৫ হতে জুন, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ মোস্তফা হাসান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের সময় বর্ধন অনুমোদিত হয়েছে এবং অর্থ প্রাপ্তির জটিলতা নিরসন হয়েছে। বর্তমানে সন্তোষজনক অগ্রগতিতে কাজ চলমান রয়েছে। | নিয়মিত সাইট পরিদর্শন করতে হবে এবং কাজের অগ্রগতি বাড়াতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬২ | প্রকল্পের নাম ঃ জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প। | | |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | প্রাক্কলিত ব্যয় ঃ ৬৬২.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারী, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ জসিম উদ্দিন** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | উচ্চ পর্যায়ে উচ্চ পদস্থ (মনিটরিং ও মূল্যায়ন এবং পরিকল্পনা শাখা) কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে প্রকল্পটির বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬৩ | প্রকল্পের নাম ঃ অবকাঠামোগত দক্ষতা উন্নয়ন ও তথ্যের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সহনশীলতা বৃদ্ধি (প্রভাতী) শীর্ষক প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৭৫৭.৬৮ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২৪<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ আনিসুল ওহাব খান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, বর্তমান এডিপিতে প্রাপ্ত জিওবি অংশের টাকা খরচ হয়ে যাবে, প্রকল্প সাহায্যের অংশে কিছুটা ত্রুটি থাকায় সংশোধন করা হয়েছে। অর্থপ্রাপ্তিতে দেরি হওয়ায় এবং চাহিদার তুলনায় বরাদ্দ কম পাওয়ায় ভৌত ও আর্থিক অগ্রগতির মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য বিদ্যমান। | ইফাদ এর সাথে আলোচনার মাধ্যমে কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬৫ | প্রকল্পের নাম ঃ বাংলাদেশ: এমাজেন্সি এসিসট্যান্স প্রজেক্ট (এলজিইডি অংশ)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২৯৭.৩০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মলয় কুমার চক্রবর্তী** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, আরপিএ এর টাকা প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ব্যাহত হয়েছে। তিনি আরো বলেন যে, অত্র প্রকল্পের হিসাবরক্ষক কে অন্যত্র বদলি করানোর প্রয়োজন। | নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করতে হবে। প্রকল্পের হিসাবরক্ষক কে অতিদ্রুত অন্যত্র বদলি করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)/ প্রকল্প পরিচালক |
| ২.৬৬ | প্রকল্পের নাম ঃ ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট এনহেন্সমেন্ট প্রজেক্ট (এলজিইডি পার্ট)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২২৫.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২২<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব শাহ নুরুল কাদির** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের পরামর্শক নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বর্তমানে কাজের অগ্রগতি সন্তোষজনক, তবে প্রকল্পের সময় বর্ধন প্রয়োজন। | সময় বর্ধন সংক্রান্ত অনুমোদিত দলিলাদি মনিটরিং ও মূল্যায়ন শাখা বরাবর প্রেরণ করতে হবে | প্রকল্প পরিচালক |
| ২.৬৭ | প্রকল্পের নাম ঃ জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবেলায় মাল্টি-সেক্টর প্রকল্প (১ম সংশোধিত)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ১৩৯৪.৪৭ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ ডিসেম্বর, ২০১৮ হতে জুন, ২০২৪<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব জাবেদ করিম** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | নিয়মিত সাইট পরিদর্শন করতে হবে এবং বর্তমান অগ্রগতি বজায় রাখতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৬৯ | প্রকল্পের নাম ঃ গ্রামীণ সড়কে সেতু উন্নয়ন সহায়তা কর্মসূচি (প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস)।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৪৯৭১.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ সেপ্টেম্বর, ২০১৮ হতে আগষ্ট, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোঃ ওয়াহিদুর রহমান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, বর্তমানে প্রকল্পের অগ্রগতির হার বিগত বছরের তুলনায় বেড়েছে। এ সময় প্রধান প্রকৌশলী মহোদয় বলেন, নিয়মিত মনিটরিং এর জন্য এই অগ্রগতি সম্পন্ন হয়েছে। | নিয়মিত সাইট পরিদর্শন করতে হবে এবং বর্তমান অগ্রগতি বজায় রাখতে হবে। | প্রকল্প পরিচালক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.৭১ | প্রকল্পের নাম ঃ নরসিংদী জেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ৭৯৪.১৬ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জানুয়ারি,২০২১ হতে ডিসেম্বর, ২০২৩<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মাহবুব ইমাম মোর্শেদ** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, স্লাইডে প্রদর্শিত ভৌত অগ্রগতির তথ্যটি ভুল আছে। এটি সংশোধন করতে হবে। তিনি আরো বলেন যে, নরসিংদী জেলার সিনিয়র সহকারী প্রকৌশলী দরপত্র মূল্যায়ন রিপোর্ট ইচ্ছাকৃত ভাবে আটকে রাখেন , তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন। | ভবিষ্যতে রিপোর্ট তৈরির ক্ষেত্রে মনিটরিং ইউনিটকে আরো সতর্ক থাকতে হবে। নরসিংদী জেলার সিনিয়র সহকারী প্রকৌশলীকে অন্য কোন উপজেলায় বদলী করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন/ মনিটরিং ও মূল্যায়ন) / প্রকল্প পরিচালক |
| ২.৭৩ | প্রকল্পের নাম ঃ কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও চাঁদপুর জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২৫০০.০০ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদ ঃ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৫<br>**প্রকল্প পরিচালক ঃ জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান** | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্ত হবে এবং বরাদ্দকৃত এডিপি খরচ হবে। | মাঠ পর্যায় থেকে দ্রুত এস্টিমেট প্রস্তুত করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়মিত সাইট পরিদর্শন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৭৪ | প্রকল্পের নামঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে জেন্ডার সমতা চর্চা প্রাতিষ্ঠানিকীকরণ শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৮.৭২ কোটি টাকা<br>প্রকল্পের মেয়াদঃ ০১/১০/২০১৯ হতে ৩০/০৯/২০২১ (সময় বর্ধন প্রক্রিয়াধীন)<br>প্রকল্প পরিচালকঃ জনাব সালমা শহীদ | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, করোনার পরিস্থিতির কারণে প্রশিক্ষণসমূহ জুন/২০২২ এর মধ্যে শেষ করা যাচ্ছে না। তাই অত্র প্রকল্পটি যথাসময় শেষ হবে না। | সময় বর্ধনের প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করতে হবে এবং বর্ধিত সময়ের মধ্যে অবশ্যই প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |

**সমাপণী পর্বে সকলের অংশগ্রহণে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট) যে সকল প্রকল্পে বড় ব্রিজ অর্ন্তভুক্ত আছে সে সকল প্রকল্পের প্রকল্প পরিচালকদের নিয়ে আলাদা করে সভা করবেন এবং সভার সারাংশ প্রধান প্রকৌশলীকে অবহিত করবেন।
- নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির জন্য সকল প্রকল্প পরিচালকের কাছ থেকে প্রতিশ্রুতি/ওয়ার্ক প্ল্যান গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ প্রকল্পের কার্যক্রম মনিটরিং করবেন।
- কনসালট্যান্ট কর্তৃক ডিটেইল ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করার পূর্বে বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণের মাধ্যমে প্রিফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করতে হবে, যাতে করে প্রকল্প গঠনের কাজ আগেই শুরু করা যায় এবং ভবিষ্যতে কনসালট্যান্ট কর্তৃক সম্পন্নকৃত স্ট্যাডির রেজাল্ট ক্রসচেক করা যায়।
- অঞ্চল ভিত্তিক সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার স্কীমসমূহের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রধান প্রকৌশলীকে প্রদান করতে হবে।
- ভূমি অধিগ্রহণ সংশ্লিষ্ট স্কীমসমূহের তালিকা প্রস্তুত করে একটি আলাদা সভা করতে হবে এবং সভায় আলোচ্য বিষয়সমূহ নিয়মিত মনিটর করতে হবে।
- জেলার সিনিয়র সহকারী প্রকৌশলী পদায়ন ক্ষেত্রে নিশ্চিত করতে হবে তিনি যেন ঐ জেলার সকল উপজেলা প্রকৌশলীদের মধ্যে সবচেয়ে সিনিয়র হন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিষয়টি নিশ্চিত করবেন।
- ডিসেম্বর/২০২২ এর মধ্যে যে সব প্রকল্প সমাপ্ত হবে সে সব প্রকল্পের স্কীমসমূহ অতি দ্রুত অনুমোদন দিয়ে দিতে হবে।
- যে সকল প্রকল্পের বরাদ্দকৃত অর্থ খরচ নিয়ে সংশয় আছে সে সব প্রকল্প পরিচালকদের অতি দ্রুত প্রকল্পের আর্থিক হিসাব চূড়ান্ত করতে হবে এবং অব্যয়িত/সমর্পনকৃত অর্থের হিসাব মনিটরিং ও মূল্যায়ন ইউনিটকে জানাতে হবে।
- সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলীদেরকে তাঁদের অধিক্ষেত্রাধীন প্রকল্প পরিচালকদের নিয়ে এলজিইডি'র কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করার ব্যাপারে আলাদা আলাদা সভা করতে হবে।

- যৌক্তিক কারণ ছাড়া কোন স্কীমের সময় বর্ধন করা যাবে না।
- প্রত্যেক প্রকল্পের জন্য নির্ধারিত সভাসমূহ (PSC, PIC ইত্যাদি) নির্দিষ্ট সময়ে করতে হবে।
- এলজিইডি'র সুনাম ও মর্যাদা ক্ষুন্ন হয় এমন যে কোন ধরনের মন্তব্য করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।

অতঃপর সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং সকলকে করোনাকালীন সময়ে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০২.২০২২

(সেখ মোহাম্মদ মহসিন)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন নং-০২- ৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ........................................................................................ এলজিইডি সদর দপ্তর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ................................................................................................ এলজিইডি সদর দপ্তর।
৪। প্রকল্প পরিচালক (সকল) এলজিইডি সদর দপ্তর।
৫। অফিস নথি।